

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৬৩

২৩. কুরআনের ফ্যীলত অধ্যায় (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ২২. হামীম আদ দুখান ও হাওয়ামীম (হামীমযুক্ত সুরাহ সমূহ) ও মুসাব্বিহাত সূরাহসমূহের ফ্যীলত

باب فِي فَضْل حم الدُّخَانِ وَالْحَوَامِيمِ وَالْمُسَبِّحَاتِ

আরবী

حَدَّثَنَا إِسْحَقُ بْنُ عِيسَى عَنْ مَعْنِ عَنْ مُعَاوِيَةً بْنِ صَالِحٍ عَنْ بَحِيرِ بْنِ سَعْدٍ عَنْ خَالِدِ بْنِ مَعْدَانَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ كَانَ يَقْرَأُ الْمُسَبِّحَاتِ عِنْدَ النَّوْمِ وَيَقُولُ إِنَّ مَعْدَانَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ كَانَ يَقْرَأُ الْمُسَبِّحَاتِ عِنْدَ النَّوْمِ وَيَقُولُ إِنَّ فَعِيهِنَّ آيَةً تَعْدِلُ أَلْفَ آيَةٍ

বাংলা

৩৪৬৩. খালিদ ইবনু মা'দান হতে বর্ণিত, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন যে, তিনি ঘুমের পূর্বে 'মুসাব্বিহাত' (যে সকল সূরা শুরু 'সাব্বাহা বা ইউসাব্বিহু' দিয়ে) পাঠ করতেন এবং তিনি বলতেন: "এগুলোর মধ্যে এমন একটি আয়াত রয়েছে, যা এক হাজার আয়াতের সমান।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সন্দ সহীহ, মুরসাল, তবে সম্ভবত মু'দাল।

তাখরীজ: নাসাঈ, কুবরা নং ১০৫৫১।

নাসাঈ বলেন, 'মু'আবিয়া বলেন: কোন কোন আহলে ইলম ছয়টি সুরাহকে মুসাব্বিহাত গণ্য করতেন: সুরাহ হাদীদ, হাশর, ওয়াল হাওয়ারিঈন (আস সফ); সুরাহ জুমু'আ, তাগাবুন এবং সুরা আ'লা।'

এর বিপরীত বর্ণিত হয়েছে বুকাইয়া হতে... খালিদ ইবনু মা'দান হতে ... ইরবায ইবনু সারিয়াহ হতে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম... এর সনদ যয়ীফ। বুকাইয়া এটি আন'আন শব্দে বর্ণনা করেছেন আর তিনি মুদাল্লিস।

আবূ দাউদ, আদাব ৫০৫৭; তিরমিযী, ছাওবুল কুরআন নং ২৯২২; দাওয়াত ৩৪০৩; নাসাঈ, কুবরা নং ১০৫৫০;



আমলুল ইয়ামি ওয়াল লাইল নং ৭১৩; ইবনুস সুন্নী, আমলুল ইয়ামি ওয়াল লাইল নং ৬৮২; তাবারাণী, কাবীর ১৮/২৪৭ নং ৬২৪।

তবে আহমাদ ৪/১২৮ ও বাইহাকী, শুয়াবুল ঈমান নং ২৫০৩ তে বুকাইয়া সূত্রে হাদ্দাছানা শব্দে আগের সনদে বর্ণনা করেছেন। এ সনদটি সহীহ।

হাদিসের মান: মুরসাল পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ খালিদ ইবনু মা'দান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন